



৩১ মে, ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীর হাসপাতালের বিছানায় হাতকড়া পড়িয়ে চিকিৎসা প্রদান সংক্রান্ত ঘটনায় দায়িত্বপ্রাপ্ত উপ-পুলিশ পরিদর্শক এবং দুইজন কনস্টেবলকে হাজির হবার জন্য নির্দেশ প্রদান

আজ ৩১ মে ২০১৭ তারিখে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থীকে হাসপাতালের বিছানায় হাতকড়া পড়ানো অবস্থায় চিকিৎসা প্রদান সংক্রান্ত আশুলিয়া থানার দায়িত্বপ্রাপ্ত উপ-পুলিশ পরিদর্শক এবং ০২জন কনস্টেবলকে আগামী ৫ জুন তারিখ স্বশরীরে আদালতে হাজির হয়ে ব্যাখ্যা প্রদান করার জন্য নির্দেশ প্রদান করেছেন আদালত। এ ঘটনায় আশুলিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মহসিনুল কাদির আজ ৩১শে মে স্বশরীরে আদালতে হাজির হয়ে এ বিষয়ে ব্যাখ্যা প্রদান করলে বিচারপতি সালমা মাসুদ চৌধুরী ও বিচারপতি একেএম জহিরুল হকের সম্মুখে গঠিত হাইকোর্ট বেঞ্চ প্রদান করেন।

উল্লেখ্য যে, গত ২৭ শে মে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সড়ক দুর্ঘটনায় দুই শিক্ষার্থীর মৃত্যুর প্রতিবাদে আন্দোলনরত শিক্ষার্থী নাজমুল হোসেন উপাচার্যের বাসভবনের সামনে থেকে পুলিশ কর্তৃক আটক হন। একটি ইংরেজী দৈনিকে তাকে হাসপাতালের বেডে হাতে হ্যান্ডকাফ পড়িয়ে চিকিৎসা দেওয়ার ছবি এবং সংবাদ প্রকাশিত হয়। প্রকাশিত সংবাদ থেকে জানা যায়, শনিবার রাত সাড়ে বারোটার দিকে উপাচার্যের বাসভবনের সামনে থেকে নাজমুলসহ প্রায় ৪২জনকে আটক করে পুলিশ। অসুস্থ থাকায় আশুলিয়া থানা পুলিশের হেফাজতে হ্যান্ডকাফ পড়া অবস্থায় সাভারের একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয় নাজমুলকে।

বিষয়টি গত ২৯শে মে ২০১৭ তারিখে এ বিষয়টি আদালতের নজরে আনেন ব্লাস্টের আইন উপদেষ্টা ও পরিচালক এস এম রেজাউল করিম। উক্ত তারিখে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীর হাসপাতালের বিছানায় হাতকড়া পড়ানো অবস্থায় চিকিৎসা প্রদান সংক্রান্ত ঘটনায় অসুস্থ শিক্ষার্থীকে হাতকড়া পরা অবস্থায় চিকিৎসা দেওয়া কেন বেআইনি হবে না তা জানতে চেয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ রুল জারি করেন। এ ঘটনায় আশুলিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মহসিনুল কাদিরকে (ওসি) তলব করেছেন হাইকোর্ট আজ ৩১শে মে আশুলিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে সশরীরে আদালতে হাজির হয়ে এ বিষয়ে ব্যাখ্যা দিতে বলা হয়েছিল। এছাড়া আগামী ২ সপ্তাহের মধ্যে স্বরাষ্ট্র সচিব, পুলিশের আইজিপি, ঢাকা রেঞ্জের ডিআইজি, ঢাকা জেলার পুলিশ সুপার ও আশুলিয়া থানার ওসিকে রুলের জবাব দিতে বলা হয়েছে। পাশাপাশি হাতকড়া পড়ানো অবস্থায় চিকিৎসা প্রদান কেন পুলিশ রেগুলেশন অব বেঙ্গল (পিআরবি) এর রুল ৩৩০ (ক) এর লংঘন হবে না তার কারণ দর্শানোর জন্য নির্দেশ দেন।

বার্তা প্রেরক

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ই-মেইল: mahbuba@blast.org.bd